তারিখ 13 APR 2015
পৃষ্ঠা ১৭ কলাম ১-৬

# শিক্ষামন্ত্রীকে মোবাইল ফোনে হত্যার হুমকি

■ সমকাল প্রতিবেদক

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদকে মোবাইল ফোনে প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে। বৃহস্পতিবার রাতে মন্ত্রীর মোবাইল ফোনে এ হুমকি দেওয়া হলেও গতকাল রোববার তা জানাজানি হয়। এ বিষয়ে মন্ত্রীর সহকারী একান্ত সচিব মন্মথ রঞ্জন বাড়ৈ রাজধানীর রমনা থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছেন।

শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব সুবোধ চন্দ্র ঢালী রোববার সমকালকে জানান, অপরিচিত একটি ফোন নম্বর থেকে মন্ত্রীর মোবাইল ফোনে এসএমএস পাঠিয়ে এ হুমকি দেওয়া হয়। হুমকিতে অবৈধভাবে পরীক্ষার খাতায় নম্বর বাড়িয়ে দেওয়া, অযোগ্য লোকদের পাস করিয়ে ভুয়া চিকিৎসক তৈরিসহ কয়েকটি বিষয়ে অভিযোগ করে তাকে সপরিবারে প্রাণনাশের হুমকি দেওয়া হয়েছে। ফোন নম্বরটি আইন-শৃঙ্খলা বাহিনীকে দেওয়া হয়েছে।

সুবোধ চন্দ্র ঢালী বলেন, হুমকিতে আরও বলা হয়েছে শিক্ষামন্ত্রীকে যেখানেই পাওয়া যাবে সেখানেই হত্যা করা হবে। তার স্ত্রী-সন্তানদের ওপরও হামলার হুমকি দেওয়া হয়।

উল্লেখ্য, চোখে অপারেশনের পর গত এক সপ্তাহ ধরে শিক্ষামন্ত্রী রাজধানীর হেয়ার রোডের বাসায় বিশ্রাম নিচ্ছেন।